**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 02–08–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) লাগাতর ভারী বর্ষনে দক্ষিণ জেলার বিভিন্ন স্থানে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে ।**

**(২) পঞ্চায়েত নির্বাচনের ব্যালট পেপার ছাপার কাজ আজ শেষ হয়েছে ।**

**(৩) রাজ্যপালদের দুদিনের সম্মেলন আজ থেকে রাষ্ট্রপতি ভবনে শুরু হয়েছে ।**

**(৪) জাতীয় মানসিক স্বাস্থ্য কর্মসূচির উপর কমিউনিটি হেলথ অফিসারদের রাজ্যস্তরের চারদিন ব্যাপী প্রশিক্ষণ আজ আগরতলায় সমাপ্তি হয়েছে ।**

**********************************************

**Flood Situation-South :**

লাগাতর ভারী বর্ষনে দক্ষিণ জেলার বিভিন্ন স্থানে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। বিপদসীমার উপরে বইছে মুহুরী ও লাউগাং নদী। বিলোনিয়া শহর সংলগ্ন বরজ কলোনি, নন্দী পাড়া সহ মুহুরীর নিম্নাঞ্চলগুলি থেকে লোকজনদের বিলোনিয়া শহরের জ্ঞানোদয় স্কুলের আশ্রয় শিবিরে নিয়ে আসা হচ্ছে। শান্তিরবাজার মহকুমায়

চারটি ও সাব্রুম মহকুমায় দুইটি আশ্রয় শিবির খোলা হয়েছে। মানুষদের আশ্রয় দেওয়ার কাজ শুরু করেছে প্রশাসন। দক্ষিন জেলার জেলা শাসক স্মিতা মল এম এস আকাশবাণীকে জানান, বন্যার জলে বিলোনিয়া শহরে ৬ পরিবারের বাড়িঘর নষ্ট হওয়ার খবর পাওয়া গেছে। বন্যার্ত মানুষদের সহায়তায় বিভিন্ন এলাকা পরিদর্শন করেন তিনি। আপদা মিত্র, সিভিল ডিফেন্স স্বেচ্ছাসেবক, টিএসআর সহ গোটা প্রশাসন বন্যা পরিস্থিতি মোকাবিলায় প্রস্তুত রয়েছে। বিলোনিয়ার মহকুমা শাসক রিংকু লেথার জানান, বিলোনিয়া শহরের কিছু এলাকায় বৃষ্টির জল জমেছে। আজ বিকেল সাড়ে চারটা পর্যন্ত ২৪৬ মিলিমিটার বৃষ্টি হয়েছে বিলোনিয়ায়। মুহুরীর জল বাড়তে থাকায় নিম্নাঞ্চল থেকে লোকজনদের নিরাপদ আশ্রয়ে নিয়ে আসতে শুরু করেছে প্রশাসন। শান্তিরবাজারের মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য জানান, সন্ধ্যা পর্যন্ত মহকুমার শান্তিরবাজার মডেল দ্বাদশ স্কুল, মহামুনি অঙ্গনওয়াড়ি কেন্দ্র, পশ্চিম বকাফা দ্বাদশ স্কুল ও বাইখোড়া ইংলিশ মিডিয়াম দ্বাদশ স্কুলে আশ্রয় শিবিরে ৪০ পরিবার আশ্রয় নিয়েছেন। লাউগাং নদীর জল বাড়িঘরে ঢুকে যাওয়ায় মহামুণি ও কাঞ্চননগর এলাকার মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে।

শান্তিরবাজার মহকুমা শাসকের অফিসে জরুরী হেল্পলাইন নম্বর ০৩৮২৩ ২৯১২৪৫ চব্বিশ ঘন্টা চালু থাকবে বলেও জানান মহকুমা শাসক। সাব্রুমের মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত জানান, মহকুমার বৈষ্ণবপুর দ্বাদশ স্কুল ও বৈষ্ণবপুর কমিউনিটি হলে দুইটি আশ্রয় শিবিরে ১২ পরিবারের লোকজনকে আশ্রয় দেওয়া হয়েছে। শান্তিরবাজার শহরের বন্যাপীড়িত মানুষজনের

খোঁজখবর নেন বিধায়ক প্রমোদ রিয়াং। বিলোনিয়া শহরে বন্যাকবলিত এলাকা পরিদর্শন করেন বিধায়ক দীপংকর সেন।

এদিকে, আগামী ২৪ ঘন্টায় রাজ্যের ধলাই, দক্ষিণ এবং গোমতী জেলায় অতি ভারী বৃষ্টির সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। পশ্চিম জেলা, সিপাহীজলা এবং খোয়াই জেলাতেও ভারী বর্ষনের সতর্কতা জারি করা হয়েছে। পশ্চিমবঙ্গে নিম্নচাপ, নাগাল্যান্ডের উপর ঘূর্ণাবর্ত এবং দক্ষিণ আসামের উপর মৌসুমী অক্ষরেখার কারণেই এই অতি ভারী বৃষ্টির সম্ভাবনা।

*************************

**Election :**

রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী আকাশবাণীকে জানান পঞ্চায়েত নির্বাচনের ব্যালট পেপার ছাপার কাজ আজ শেষ হয়েছে। আগামীকালের মধ্যে ব্লকগুলিতে ব্যালট পেপার বন্টনের কাজ শেষ হবে। তিনি জানান ৩৫টি ব্লকে ৩৫ জন নির্বাচনী পর্যবেক্ষক নিয়োগ করা হয়েছে। তারা ইতিমধ্যে নির্বাচনের কাজকর্ম পর্যবেক্ষণ শুরু করেছেন।

*************************

**E.D.V-Panchayat Election :**

ঊনকোটি জেলার জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক দিলীপ কুমার চাকমা আজ এক সাক্ষাৎকারে জানিয়েছেন, ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচনে আগামী চৌঠা আগষ্ট, ঊনকোটি জেলাতেও "ইলেকশন ডিউটি ভোট" বা E.D.V গ্রহণ করা হবে। জেলার কুমারঘাট, গৌরনগর ও চন্ডীপুর ব্লকের সুবিধাদান কেন্দ্রে এই ভোটদানের জন্য যথাযথ ব্যবস্থা নেওয়া হয়েছে। নির্বাচন

কাজের সঙ্গে যুক্ত কর্মী ও নিরাপত্তা বাহিনীর কর্মীরা সুবিধাদান কেন্দ্রে ভোটদান করবেন। তিনি জানান, ঊনকোটি জেলার তিনটি ব্লক মিলিয়ে ১০৫৩ জন ইলেকশন ডিউটি ভোট বা E.D.V এর জন্য আবেদন করেছেন। আগামী আট-ই আগষ্ট অনুষ্ঠিতব্য ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচন উপলক্ষ্যে জেলায় অতিরিক্ত তিন কোম্পানি C.R.P.F ও দুই কোম্পানি T.S.R এসেছে। নির্বাচনকে কেন্দ্র করে শান্তি-সুস্থিতি অক্ষুন্ন রাখতে আরো নিরাপত্তা বাহিনী আসার কথা রয়েছে বলে তিনি জানান।

****************************

**Panchayet Election-Khowai :**

খোয়াই জেলায় ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন অবাধ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য আজ খোয়াই জেলাশাসকের কার্যালয়ে বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে উপস্থিত ছিলেন খোয়াই জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রন, খোয়াই মহকুমা ম্যাজিস্ট্রেট মেঘা জৈন, দুই মহকুমার এসডিপিও, তিন ব্লকের ব্লক আধিকারিক সহ বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিরা। বৈঠক শেষে খোয়াই জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রন আকাশবাণীর খোয়াই জেলা প্রতিনিধি আশীষ চক্রবর্ত্তীকে জানিয়েছেন, এই বৈঠকে রাজনৈতিক দলের প্রতিনিধি, পুলিশ ও প্রশাসনের আধিকারিকদের নির্বাচনের প্রস্তুতি নিয়ে বিস্তারিত অবহিত করা হয়।

******************************

**Hands on Training :**

আসন্ন পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে আজ চন্ডীপুর ব্লকের ভোটকর্মীদের চূড়ান্ত পর্যায়ের মহড়া তথা প্রশিক্ষণ কর্মসূচি

কৈলাশহরের সূর্যমণি মেমোরিয়াল দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। আজ মোট ৩৩০ জন ভোটকর্মী প্রশিক্ষণ নেন। উপস্থিত ছিলেন, রাজ্য নির্বাচন কমিশনের পর্যবেক্ষক সীতেন্দ্র বিশ্বাস, রিটার্নিং অফিসার তথা চন্ডীপুর ব্লকের B.D.O প্রসেনজিৎ মালাকার প্রমুখ।

******************************

**Ker Puja :**

আগামীকাল রাজ্যের ঐতিহ্য বাহী কের পুজা। আজ রাত ১০টায় কের পুজা শুরু হয়ে আগামী রবিবার ভোর ৫টায় শেষ হবে পুজা। আগরতলার পুরান হাবেলি অর্থাৎ চতুর্দশ দেবতা বাড়ি প্রাঙ্গন , নতুন হাবেলি অর্থাৎ উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গনে চিরাচরিত বিধি অনুযায়ী এই পুজা হয়। এই পুজা সর্বসাধারণের দর্শনের বাইরে রাখা হয়। কের পুজা উপলক্ষে আগামীকাল রাজ্যে সরকারী ছুটি।

******************************

**NEET-UG-Dharmendra Pradhan :**

নিট-ইউজি মামলায় সুপ্রিম কোর্টের রায়কে স্বাগত জানালেন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান। সুপ্রিম কোর্টের রায়কে স্বাগত জানিয়ে ধর্মেন্দ্র প্রধান নিজের এক্স হ্যান্ডেলে জানিয়েছেন, স্বচ্ছ ও ত্রুটিমুক্ত পরীক্ষা পদ্ধতিতে প্রতিশ্রুতিবদ্ধ কেন্দ্রীয় সরকার। তিনি আরো জানিয়েছেন, "স্বচ্ছতা নিশ্চিত করার জন্য সরকার বিশেষজ্ঞদের উচ্চ-পর্যায়ের কমিটির সুপারিশগুলি জমা দেওয়ার সঙ্গে সঙ্গে দ্রুত বাস্তবায়ন করবে। ন্যায়বিচার প্রদান এবং লক্ষ লক্ষ পরিশ্রমী শিক্ষার্থীদের স্বার্থ রক্ষা করার জন্য সরকার

সর্বান্তকরণে সুপ্রিম কোর্টকে ধন্যবাদ জানিয়েছে বলে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী তাঁর এক্স হ্যান্ডেলে উল্লেখ করেন।

*****************************

**Biplab Kumar Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেব আজ নয়াদিল্লিতে কেন্দ্রীয় বন্দর, জাহাজ চলাচল ও অভ্যন্তরীণ জলপথ মন্ত্রী সর্বানন্দ সোনওয়ালের সঙ্গে সাক্ষাৎ করে ত্রিপুরার স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। বাংলাদেশের দাউদকান্দি হয়ে সোনামুড়ার শ্রীমন্তপুর পর্যন্ত জলপথের কাজ দ্রুত সম্পন্ন করার বিষয়ে তিনি গুরুত্ব দেন।

কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে আলোচনায় সাংসদ শ্রী দেব গোমতী ও হাওড়া নদীর নাব্যতা বাড়ানোর বিষয়ে দ্রুত উদ্যোগ নিতে অনুরোধ জানান।

*****************************

**Wayanad-Landslite :**

ভয়াবহ ভূমিধসে বিধ্বস্ত কেরলের ওয়ানাডে-তে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩০৮-এ। কেরলের স্বাস্থ্যমন্ত্রী বীনা জর্জ আজ জানিয়েছেন, ওয়ানাডের ভূমিধ্বসে সবচেয়ে ক্ষতিগ্রস্ত তিনটি গ্রাম মুণ্ডাক্কাই, চূড়ামালা এবং আট্টামালায় যৌথ তল্লাশি অভিযানে নেমেছে সেনাবাহিনী, এনডিআরএফ, উপকূলরক্ষী বাহিনী এবং নৌসেনা।

*****************************

**Governors Meeting :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর পৌরহিত্যে রাজ্যপালদের দুদিনের সম্মেলন আজ থেকে রাষ্ট্রপতি ভবনে শুরু হয়েছে। এই প্রথম রাষ্ট্রপতি ভবনে রাজ্যপালদের সম্মেলন হচ্ছে। সম্মেলনে উপস্থিত রয়েছেন সব রাজ্যের রাজ্যপালরা। উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান, কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান, রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব ও ক্রীড়ামন্ত্রী মনসুখ মান্ডভিয়া-সহ বেশ কয়েকজন কেন্দ্রীয় মন্ত্রী ও নীতি আয়োগের ভাইস চেয়ারম্যান। এই সম্মেলনে নতুন তিনটি ফৌজদারি আইন, উচ্চ শিক্ষার সংস্কার ও বিশ্ববিদ্যালয়গুলির মূল্যায়ণ, রাজ্যপালের ভূমিকা এবং উন্নয়নের ওপর আলোচনায় জোর দেওয়া হবে।

সম্মেলনের শুরুতে রাষ্ট্রপতি বলেছেন, এই সম্মেলনে যে আলোচনা হবে, তা অংশগ্রহণকারীদের জন্য একটি সমৃদ্ধ অভিজ্ঞতা হবে এবং তাঁদের কাজে সহায়তা করবে। তিনি গুনমাণসম্পন্ন শিক্ষা, দরিদ্র ও বঞ্চিত শ্রেণীর উন্নয়ন, যুব উন্নয়ন, জলবায়ু পরিবর্তন এবং প্রাকৃতিক চাষাবাদ-সহ বিভিন্ন বিষয় তুলে ধরেন।

*********************************

**NHM :**

রাজধানীর প্রজ্ঞাভবনে জাতীয় মানসিক স্বাস্থ্য কর্মসূচির উপর কমিউনিটি হেলথ অফিসারদের রাজ্যস্তরের চারদিন ব্যাপী প্রশিক্ষণের আজ সমাপ্তি হয়। সমাপ্তি অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ দপ্তরের সচিব কিরণ গিত্যে বলেন, এই কর্মসূচির প্রধান লক্ষ্য হলো মানসিক স্বাস্থ্য সম্পর্কে

সচেতনতা বৃদ্ধি করা, রোগীদের বিভিন্ন দুর্ভাবনা দূর করা, মানসিক স্বাস্থ্য সমস্যা সম্পর্কে কথা বলার পরিবেশ তৈরি করা এবং তাদের সঠিক চিকিৎসা পরিষেবা প্রদানের ব্যবস্থা করা। এই চার দিন মানসিক স্বাস্থ্যের বিভিন্ন দিক নিয়ে রাজ্যের ৪০০ জন কমিউনিটি হেলথ অফিসারদের প্রশিক্ষণ দেওয়া হয়। জাতীয় মানসিক স্বাস্থ্য কার্যক্রম, জাতীয় স্বাস্থ্য মিশন, স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ দপ্তর এবং বেঙ্গালুরুর নিমহান্স এর যৌথ উদ্যোগে এই কর্মসূচিতে ৯ জন বিশেষজ্ঞ রিসোর্স পারসন কমিউনিটি হেলথ অফিসারদের দক্ষতা এবং জ্ঞান বাড়ানোর উপর বিশেষ জোর দেন।

*****************************

**Kedarnath Yatra Stopped :**

উত্তরাখণ্ডের তেহরি গাড়োয়াল ও রুদ্রপ্রয়াগ জেলায় প্রবল বৃষ্টির কারনে দু'দিনের জন্য কেদারনাথ যাত্রা স্থগিত রাখা হয়েছে। উত্তরাখন্ড পুলিশের ডিজি অভিনব কুমার জানিয়েছেন, গতকাল সকাল পর্যন্ত কেদরানাথে আটকে ছিলেন প্রায় এক হাজার মানুষ। তাদের উদ্ধারের চেষ্টা চলছে।

***************************

**Amarnath :**

চলতি বছরে এপর্যন্ত রেকর্ড সংখ্যক পুণ্যার্থী অমরনাথ যাত্রা করেছেন। ইতিমধ্যে ৪ লক্ষ ৮০ হাজারের বেশি পূণ্যার্থী পবিত্র গুহা মন্দির দর্শন করেছেন। আজ সকালে ১,২২১ জন পূণ্যার্থীর আরও একটি দল জম্মুর ভগবতী নগর যাত্রী নিবাস থেকে বালতাল ও পহেলগাঁও-এর উদ্দেশে রওনা দিয়েছেন।

***************************

**Barshamangal-Dhalai :**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে লংতরাইভ্যালি মহকুমার অন্তর্গত মনুঘাট টাউন হলে আজ ধলাই জেলা ভিত্তিক বর্ষামঙ্গল অনুষ্ঠানের আয়োজন করা হয়। উদ্বোধন করেন এডিসি সদস্য সঞ্জয় দাস। উদ্বোধনী পর্ব শেষে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী ও সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। বর্ষামঙ্গল অনুষ্ঠান ঘিরে স্থানীয় জনগণের মধ্যে ব্যাপক সাড়া পরিলক্ষিত হয়। এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ধলাই জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ-অধিকর্তা চন্দন সরকার, মনু ব্লকের বিডিও বিজিত দেববর্মা প্রমূখ।

******************************

**CPIM Jitendra Choudhary :**

সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী গন্ডাতুইসায় সাম্প্রতিক  অনভিপ্রেত ঘটনায় ক্ষতিগ্রস্তদের উপযুক্ত পুর্নবাসন দেবার জন্য রাজ্য সরকারের কাছে দাবি জানিয়েছেন। আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে তিনি এই দাবির কথা উল্লেখ করেন। শ্রী চৌধুরী বলেন, গতকাল সিপিআইএম-এর এক প্রতিনিধি দল গন্ডাতুইসা স্কুলে শরণার্থী শিবির পরিদর্শন করেন। শিবিরে অবস্থানরত ক্ষতিগ্রস্থদের বর্তমান অবস্থা বিস্তারিত উল্লেখ করে তিনি জানান, এই শিবিরে বর্তমানে একশ পঞ্চাশ পরিবারের চারশ লোক রয়েছে। প্রশাসনের পক্ষ থেকে দুই বেলা খাবার সরবরাহ করা হচ্ছে। শিবিরে পর্যাপ্ত পানীয় জলের ব্যবস্থা করার জন্য তিনি প্রশাসনের কাছে অনুরোধ জানান। অবিলম্বে রাজ্যের

মুখ্যমন্ত্রী, রাজ্য পুলিশের মহা নির্দেশক, মুখ্যসচিব এবং রাজস্ব সচিবকে গন্ডাতুইসা পরিদর্শনের জন্য শ্রী চৌধুরী অনুরোধ জানিয়েছেন। গন্ডাতুইসার অনভিপ্রেত ঘটনার নিরপেক্ষ তদন্তেরও দাবি জানান তিনি।

***************************

**GMP-Press Meet :**

ত্রিপুরা রাজ্য গণমুক্তি পরিষদের পক্ষ থেকে লোকসভার চলতি অধিবেশনে ১২৫তম সংবিধান সংশোধনী বিলটি পাস করার দাবী জানানো হয়েছে। আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে গণমুক্তি পরিষদের সম্পাদক রাধাচরণ দেববর্মা এই দাবির কথা উল্লেখ করেন। তিনি বলেন এডিসির হাতে অধিক ক্ষমতা প্রদানের লক্ষ্যে ২০১৮ সালে সংসদে বিলটি আনা হয়েছিল। কিন্তু আজ পর্যন্ত বিলটি সংসদে পাস করা হয়নি। তিনি বলেন সম্প্রতি অনুষ্ঠিত গণমুক্তি পরিষদের কেন্দ্রীয় কমিটির। বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে আগামী ৯ই আগস্ট আন্তর্জাতিক আদিবাসী দিবসে সংগঠনের পক্ষ থেকে বেশ কিছু কর্মসূচি পালন করা হবে।

সাংবাদিক সম্মেলনে প্রাক্তন মন্ত্রী নরেশ জমাতিয়া গন্ডাতুইসায় অনভিপ্রেত ঘটনায় প্রকৃত দোষীদের কঠোর শাস্তির দাবি জানান। তিনি গন্ডাতুইসার বিভিন্ন এলাকায় পুলিশ ক্যাম্প স্থাপনেরও দাবি জানান।

*******************************

**TBJEE-COUNSELING :**

Tripura Board of Joint Entrance Examination-এর পক্ষ থেকে আজ জানানো হয়েছে, যে সমস্ত ছাত্র-ছাত্রী

কাউন্সেলিং-এর জন্য রেজিস্ট্রেশান প্রক্রিয়ায় অংশগ্রহণ করেছে তারা যেন অবশ্যই আগামী ৫ই আগস্ট বেলা সাড়ে তিনটা থেকে ৮ই আগস্টের মধ্যে নিজ-নিজ Registration ID এবং Password দিয়ে Login করে এবং বিভিন্ন Institute থেকে আসা PCB ও PCM উভয় ধরনের আসনের জন্য একাধিক Choice filling করতে হবে| বোর্ডের পক্ষ থেকে আরও জানানো হয়েছে, বোর্ডের Counseling-এ একবারই মাত্র Choice filling-এর সুযোগ পাওয়া যাবে। Seat Matrix এবং Counseling Rule বিস্তারিত জানার জন্য বোর্ডের ওয়েবসাইট (https://tbjee.nic.in) নিয়মিতভাবে দেখার জন্য অনুরোধ জানানো হয়েছে।

*******************************

**Khumulung Football :**

মহারাজা বীরবিক্রম স্মৃতি নকআউট ফুটবল প্রতিযোগিতায় কোয়ার্টার ফাইনালে উঠলো বিভাষ দল। খুমুলুঙ স্টেডিয়ামে আয়োজিত খেলায় আজ বিভাষ দল ২-০ গোলে শান্তিরবাজার ব্রু একাদশকে পরাজিত করেছে। ম্যাচে দুটি গোল করেন পারভেজ ভুঁইয়া।

*******************************